রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

মঙ্গলবার, ডিসেম্বর ১২, ২০০৬

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
যুব ও ক্রীড়া মন্ত্রণালয়

প্রজ্ঞাপন

তারিখ, ২৬ অগ্রহায়ণ ১৪১৩/১০ ডিসেম্বর ২০০৬

এস, আর, ও নং ৩১৭-আইন/২০০৬—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের ১৩৩ অনুচ্ছেদের শর্তাংশে প্রদত্ত ক্ষমতাবলে রাষ্ট্রপতি, উক্ত সংবিধানের ১৪০(২) অনুচ্ছেদের বিধান মোতাবেক বাংলাদেশ সরকারী কর্ম কমিশনের সহিত পরামর্শক্রমে, নিম্নরূপ বিধিমালা প্রণয়ন করিলেন, যথা ঃ—

১। **সংক্ষিপ্ত শিরোনাম**।—এই বিধিমালা ক্রীড়া পরিদপ্তর এবং শারীরিক শিক্ষা কলেজ (কর্মকর্তা ও কর্মচারী) নিয়োগ বিধিমালা, ২০০৬ নামে অভিহিত হইবে।

২। **সংজ্ঞা**।—বিষয় কিংবা প্রসংগের পরিপন্থী কিছু না থাকিলে, এই বিধিমালায়—

(ক) "কমিশন" অর্থ বাংলাদেশ সরকারী কর্ম কমিশন;

(খ) "তফসিল" অর্থ বিধিমালার সহিত সংযোজিত তফসিল;

(গ) "নিয়োগকারী কর্তৃপক্ষ" অর্থ সরকার বা সরকার কর্তৃক ক্ষমতাপ্রাপ্ত কোন কর্মকর্তা;

(ঘ) "পদ" অর্থ তফসিলে উল্লিখিত কোন পদ;

(ঙ) "প্রয়োজনীয় যোগ্যতা" অর্থ সংশ্লিষ্ট পদের জন্য তফসিলে উল্লিখিত যোগ্যতা;

(চ) "শিক্ষানবিস" অর্থ কোন পদে শিক্ষানবিস হিসাবে নিযুক্ত কোন ব্যক্তি;

(ছ) "স্বীকৃত বিশ্ববিদ্যালয়" বা "স্বীকৃতি বোর্ড" অর্থ আপাততঃ বলবৎ কোন আইনের দ্বারা বা আইনের অধীনে প্রতিষ্ঠিত, কোন বিশ্ববিদ্যালয় বা শিক্ষা বোর্ড-কে বুঝাইবে এবং এই বিধিমালার উদ্দেশ্য পূরণকল্পে কমিশনের সহিত পরামর্শক্রমে, সরকার কর্তৃক স্বীকৃত বলিয়া ঘোষিত অন্য কোন বিশ্ববিদ্যালয় বা শিক্ষা বোর্ডও ইহার অন্তর্ভুক্ত হইবে।


মূল্য ঃ টাকা ৮.০০

৩। **নিয়োগ পদ্ধতি।**—(১) গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের ২৯(৩) অনুচ্ছেদের উদ্দেশ্য পূরণকল্পে সংরক্ষণ সংক্রান্ত নির্দেশাবলী এবং তফসিলে বর্ণিত বিধান সাপেক্ষে কোন পদে নিম্নে বিধৃত পদ্ধতিতে নিয়োগ দান করা হইবে, যথা ঃ—

(ক) সরাসরি নিয়োগের মাধ্যমে;

(খ) প্রদোন্নতির মাধ্যমে; এবং

(গ) প্রেষণে বদলীর মাধ্যমে।

(২) কোন ব্যক্তিকে কোন পদে নিয়োগ করা হইবে না, যদি তজ্জন্য তাঁহার প্রয়োজনীয় যোগ্যতা না থাকে এবং সরাসরি নিয়োগের ক্ষেত্রে, তাহার বয়স উক্ত পদের জন্য তফসিলে বর্ণিত বয়স সীমার মধ্যে না হয় ঃ

তবে শর্ত থাকে যে, কোন ব্যক্তিকে কোন পদে ইতোপূর্বে এডহক ভিত্তিতে নিয়োগ করা হইয়া থাকিলে, উক্ত পদে অব্যাহতভাবে নিযুক্ত থাকাকালীন কার্যকালের জন্য তাহার সর্বোচ্চ বয়স সীমা শিথিল করা যাইতে পারে।

৪। **সরাসরি নিয়োগ।**—(১) কমিশনের সুপারিশ ব্যতিরেকে কমিশনের আওতাভুক্ত কোন পদে কোন ব্যক্তিকে সরাসরি নিয়োগ করা যাইবে না।

(২) নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক গঠিত বাছাই কমিটির সুপারিশ ব্যতিরেকে কমিশনের আওতা বহির্ভূত কোন পদে সরাসরি নিয়োগ চলিবে না।

(৩) কোন পদে সরাসরি নিয়োগের জন্য কোন ব্যক্তি যোগ্য বলিয়া বিবেচিত হইবেন না, যদি তিনি—

(ক) বাংলাদেশের নাগরিক না হন, অথবা বাংলাদেশের স্থায়ী বাসিন্দা না হন, অথবা বাংলাদেশের ডমিসাইল না হন;

(খ) এমন কোন ব্যক্তিকে বিবাহ করেন অথবা বিবাহ করিবার জন্য প্রতিশ্রুতিবদ্ধ হন যিনি বাংলাদেশের নাগরিক নহেন।

(৪) কোন পদে সরাসরি নিয়োগ করা হইবে না, যদি—

(ক) নিয়োগের জন্য বাছাইকৃত ব্যক্তির স্বাস্থ্য পরীক্ষার উদ্দেশ্যে স্বাস্থ্য অধিদপ্তরের মহাপরিচালক কর্তৃক গঠিত মেডিক্যাল বোর্ড অথবা, ক্ষেত্র বিশেষে, তৎকর্তৃক মনোনীত কোন মেডিক্যাল অফিসার এই মর্মে প্রত্যয়ন না করেন যে, উক্ত ব্যক্তি স্বাস্থ্যগতভাবে অনুরূপ পদে নিয়োগযোগ্য এবং তিনি এইরূপ কোন দৈহিক বৈকল্যে ভুগিতেছেন না যাহা সংশ্লিষ্ট পদের দায়িত্ব পালনে কোন ব্যাঘাত সৃষ্টি করিতে পারে; এবং

(খ) এইরূপে বাছাইকৃত ব্যক্তির পূর্ব কার্যকলাপ যথাযোগ্য এজেন্সীর মাধ্যমে তদন্ত না হইয়া থাকে ও তদন্তের ফলে দেখা না যায় যে, প্রজাতন্ত্রের চাকুরীতে নিয়ুক্তির জন্য তিনি অনুপযুক্ত নহেন।

(৫) কোন ব্যক্তিকে কোন পদে নিয়োগের জন্য সুপারিশ করা হইবে না, যদি তিনি—

(ক) উক্ত পদের জন্য কমিশন কর্তৃক বা নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক দরখাস্ত আহবানের বিজ্ঞপ্তিতে উল্লিখিত ফিসহ যথাযথ ফরম ও নির্দিষ্ট তারিখের মধ্যে দরখাস্ত দাখিল না করেন;

(খ) সরকারী চাকুরী কিংবা কোন স্থানীয় কর্তৃপক্ষের চাকুরীতে নিয়োজিত থাকাকালে স্বীয় উর্দ্ধতন কর্মকর্তার মাধ্যমে দরখাস্ত দাখিল না করেন।

৫। **পদোন্নতির মাধ্যমে নিয়োগ।**—(১) এতদুদ্দেশ্যে সরকার কর্তৃক গঠিত সংশ্লিষ্ট বাছাই বা নির্বাচন কমিটির সুপারিশের ভিত্তিতে কোন পদে পদোন্নতির মাধ্যমে নিয়োগ করা যাইবে ঃ

তর্বে শর্ত থাকে যে ৩য় শ্রেণী হইতে ২য় শ্রেণী এবং ২য় শ্রেণী হইতে ১ম শ্রেণীর পদে কমিশনের সুপারিশের ভিত্তিতে পদোন্নতির মাধ্যমে নিয়োগ করা যাইবে।

(২) যদি কোন ব্যক্তির চাকুরীর বৃত্তান্ত সন্তোষজনক না হয়, তাহা হইলে তিনি কোন পদে পদোন্নতির মাধ্যমে নিয়োগের জন্য যোগ্য বলিয়া বিবেচিত হইবেন না।

৬। **শিক্ষানবিস।**—(১) স্থায়ী শূণ্য পদের বিপরীতে কোন পদে নিয়োগের জন্য বাছাইকৃত ব্যক্তিকে শিক্ষানবিস স্তরে—

(ক) সরাসরি নিয়োগের ক্ষেত্রে, স্থায়ী নিয়োগের তারিখ হইতে দুই বৎসরের জন্য; এবং

(খ) পদোন্নতির ক্ষেত্রে, এইরূপ নিয়োগের তারিখ হইতে এক বৎসরের জন্য নিয়োগ করা হইবেঃ

তবে শর্ত থাকে যে, নিয়োগকারী কর্তৃপক্ষ কারণ লিপিবদ্ধ করিয়া কোন শিক্ষানবিসের শিক্ষানবিসি মেয়াদ এইরূপ বৃদ্ধি করিতে পারিবেন যাহাতে বর্ধিত মেয়াদ সর্বসাকুল্যে দুই বৎসরের অধিক না হয়।

(২) যে ক্ষেত্রে কোন শিক্ষানবিসের শিক্ষানবিসির মেয়াদ চলাকালে নিয়োগকারী কর্তৃপক্ষ মনে করেন যে, তাহার আচরণ ও কর্ম সন্তোষজনক নহে, কিংবা তাহার কর্মদক্ষ হওয়ার সম্ভবনা নাই সেক্ষেত্রে নিয়োগাকারী কর্তৃপক্ষ—

(ক) সরাসরি নিয়োগের ক্ষেত্রে, শিক্ষানবিসের চাকুরীর অবসান ঘটাইতে পারিবে;

(খ) পদোন্নতির ক্ষেত্রে, তাহাকে যে পদ হইতে পদোন্নতি দেওয়া হইয়াছিল সেই পদে প্রত্যাবর্তন করাইতে পারিবে।

(৩) শিক্ষানবিসির মেয়াদ, বর্ধিত মেয়াদ থাকিলে তাহাসহ, সম্পূর্ণ হওয়ার পর, নিয়োগকারী কর্তৃপক্ষ—

(ক) যদি এই মর্মে সন্তুষ্ট হয় যে, শিক্ষানবিসির মেয়াদ চলাকালে কোন শিক্ষানবিসের আচরণ ও কর্ম সন্তোষজনক ছিল, তাহা হইলে উপ-বিধি (৪) এর বিধান সাপেক্ষে, তাহাকে চাকুরীতে স্থায়ী করিবে; অথবা

(খ) যদি মনে করে যে, উক্ত মেয়াদ চলাকালে শিক্ষানবিসের আচরণ ও কর্ম সন্তোষজনক ছিল না, তাহা হইলে উক্ত কর্তৃপক্ষ—

(অ) সরাসরি নিয়োগের ক্ষেত্রে, তাহার চাকুরীর অবসান ঘটাইতে পারিবেন; এবং

(আ) পদোন্নতির ক্ষেত্রে, তাহাকে যে পদ হইতে পদোন্নতি দেওয়া হইয়াছিল সেই পদে প্রত্যাবর্তন করাইতে পারিবেন।

(৪) কোন শিক্ষানবিসকে কোন পদে স্থায়ী করা হইবে না যতক্ষণ না সরকারী আদেশবলে, সময়ে সময়ে যে পরীক্ষা ও প্রশিক্ষণের ব্যবস্থা করা হয়, সেই পরীক্ষায় তিনি পাস করেন ও প্রশিক্ষণ গ্রহণ করেন।

৭। **রহিতকরণ ও হেফাজত।**—(১) বিগত ১৫ই ডিসেম্বর, ১৯৭৮ তারিখের প্রজ্ঞাপন (Notification) নং ঃ No.S.R.O 332-L/78 দ্বারা জারীকৃত Gazetted Officers (Directorate of Sports) Recruitment Rules, 1978 এবং ২৮শে জুন, ১৯৮২ তারিখের প্রজ্ঞাপন (Notification) নং ঃ No.S.R.O 222-L/82 দ্বারা জারীকৃত College of Physical Education Officers and Staff (Directorate of Sports) Recruitment Rules, 1982 , অতঃপর "উক্ত Rules" বলিয়া উল্লিখিত, এতদ্দ্বারা রহিত করা হইল।

(২) উক্তরূপে রহিতকরণ সত্ত্বেও রহিতকৃত উক্ত Rules দুইটির অধীন কৃত কার্যাবলী ও গৃহীত ব্যবস্থা এই বিধিমালার অধীন কৃতকার্য ও গৃহীত ব্যবস্থা বলিয়া গণ্য হইবে।

## তফসিল-১

(ক্রীড়া পরিদপ্তরের জন্য প্রযোজ্য)

[বিধি ২(খ), বিধি ২(ঘ) ও বিধি ৩ দ্রষ্টব্য ]

| ক্রমিক নং | পদের নাম | সরাসরি নিয়োগের ক্ষেত্রে বয়সসীমা | নিয়োগ পদ্ধতি | প্রয়োজনীয় যোগ্যতা |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ১। | পরিচালক | - | (ক) পদোন্নতির মাধ্যমে;<br>(খ) পদোন্নতির জন্য যোগ্য প্রার্থী পাওয়া না গেলে প্রেষণে বদলীর মাধ্যমে। | পদোন্নতির ক্ষেত্রে ঃ<br>উপ-পরিচালক পদে ৭(সাত) বৎসরের চাকুরী। |
| ২। | উপ-পরিচালক | - | পদোন্নতির মাধ্যমে। | সহকারী পরিচালক/জেলা ক্রীড়া অফিসার পদে ৬ (ছয়) বৎসরের চাকুরী। |
| ৩। | সহকারী পরিচালক | অনূর্ধ্ব ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | (ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে ২য় শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রীসহ শারীরিক শিক্ষায় ২য় শ্রেণীর বি.পি.এড ডিগ্রী;<br>(খ) জাতীয় ও আন্তর্জাতিক ক্ষেত্রে স্বীকৃত বিশিষ্ট ক্রীড়াবিদ বা সংগঠককে অগ্রাধিকার দেওয়া হইবে। |
| ৪। | জেলা ক্রীড়া অফিসার | অনূর্ধ্ব ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | (ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে ২য় শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রীসহ শারীরিক শিক্ষায় ২য় শ্রেণীর বি. পি. এড ডিগ্রী;<br>(খ) জাতীয় ও আন্তর্জাতিক ক্ষেত্রে স্বীকৃত বিশিষ্ট ক্রীড়াবিদ বা সংগঠককে অগ্রাধিকার দেওয়া হইবে। |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| ৫। | প্রধান সহকারী | - | পদোন্নতির মাধ্যমে। | উচ্চমান সহকারী পদে অন্যূন ৫(পাঁচ) বৎসরের চাকুরী। |
| ৬। | উচ্চমান সহকারী | অনূর্ধ্ব ৩০ বৎসর | (ক) পদোন্নতির মাধ্যমে;<br>(খ) পদোন্নতির জন্য যোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে। | **পদোন্নতির ক্ষেত্রে ঃ**<br>অফিস সহকারী কাম-মুদ্রাক্ষরিক/রেকর্ড কিপার পদে অন্যূন ৫(পাঁচ) বৎসরের চাকুরী।<br>**সরাসরি নিয়োগের ক্ষেত্রে ঃ**<br>কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে স্নাতক ডিগ্রী। |
| ৭। | স্টেনোগ্রাফার | অনূর্ধ্ব ৩০ বৎসর | (ক) পদোন্নতির মাধ্যমে;<br>(খ) পদোন্নতির জন্য যোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে। | **পদোন্নতির ক্ষেত্রে ঃ**<br>স্টেনোটাইপিষ্ট পদে অন্যূন ৬(ছয়) বৎসরের চাকুরী।<br>**সরাসরি নিয়োগের ক্ষেত্রে ঃ**<br>The Stenographers and Stenotypist (Ministries, Divisions and attached Departments) Recruitment Rules, 1978 অনুসারে। |
| ৮। | স্টেনোটাইপিষ্ট | অনূর্ধ্ব ৩০ বৎসর | The Stenographers and Stenotypist (Ministries, Divisions and attached Departments) Recruitment Rules, 1978 অনুসারে। | |
| ৯। | হিসাবরক্ষক | অনূর্ধ্ব ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | (ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে বাণিজ্যে ২য় শ্রেণীর স্নাতক ডিগ্রী;<br>(খ) সংশ্লিষ্ট ক্ষেত্রে অভিজ্ঞ প্রার্থীকে অগ্রাধিকার দেওয়া হইবে। |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| ১০। | অফিস সহকারী কাম-মুদ্রাক্ষরিক | অনূর্ধ্ব ৩০ বৎসর | (ক) ২৫% পদোন্নতির মাধ্যমে;<br>পদোন্নতির জন্য যোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে; এবং | পদোন্নতির ক্ষেত্রে ঃ<br>কোন স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক/সমমান পরীক্ষায় উত্তর্ণ ও সরকার কর্তৃক সময় সময় নির্ধারিত গতিতে বাংলা ও ইংরেজী মুদ্রাক্ষর লিখনে পারদর্শী এবং কম্পিউটার চালনার বাস্তব জ্ঞানসহ এম.এল.এস.এস. পদে অন্যূন ৫ (পাঁচ) বৎসরের চাকুরী। |
| | | | (খ) ৭৫% সরাসরি নিয়োগের মাধ্যমে। | সরাসরি নিয়োগের ক্ষেত্রে ঃ<br>(ক) কোন স্বীকৃত বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক/সমমান পরীক্ষায় উত্তীর্ণ; এবং<br>(খ) বাংলায় ও ইংরেজী মুদ্রাক্ষর লিখনে সরকার কর্তৃক সময় সময় নির্ধারিত গতি; এবং<br>(গ) কম্পিউটার চালনার বাস্তব জ্ঞান। |
| ১১। | রেকর্ড কিপার | অনূর্ধ্ব ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | কোন স্বীকৃত বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক/সমমান পরীক্ষায় উত্তীর্ণ। |
| ১২। | ড্রাইভার | অনূর্ধ্ব ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | কোন স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক/সমমান পরীক্ষায় উত্তীর্ণসহ বৈধ ড্রাইভিং লাইসেন্সসহ গাড়ী চালনায় কমপক্ষে ৫(পাঁচ) বৎসরের বাস্তব অভিজ্ঞতা। |
| ১৩। | এম, এল, এস, এস | অনূর্ধ্ব ৩০ বৎসর | নিম্নমান সহকারী-তথা মুদ্রাক্ষরিক, প্লেইন পেপার কপিয়ার, ডুপ্লিকেটিং মেশিন অপারেটর, ডেসপাস রাইডার, দপ্তরী ও এম, এল, এস, এস (মন্ত্রণালয়/বিভাগ ও সংযুক্ত অধিদপ্তর) বিধিমালা, ১৯৯৩ অনুসারে। | |
| ১৪। | দারোয়ান | অনূর্ধ্ব ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | ৮ম শ্রেণী উত্তীর্ণ |
| ১৫। | নাইটগার্ড | অনূর্ধ্ব ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | ৮ম শ্রেণী উত্তীর্ণ |
| ১৬। | সুইপার | অনূর্ধ্ব ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | ৮ম শ্রেণী উত্তীর্ণ |

### তফসিল-২

(শারীরিক শিক্ষা কলেজের জন্য প্রযোজ্য)

[বিধি ২(খ), বিধি ২(ঘ) ও বিধি ৩ দ্রষ্টব্য]

| ক্রমিক নং | পদের নাম | সরাসরি নিয়োগের ক্ষেত্রে বয়সসীমা | নিয়োগ পদ্ধতি | প্রয়োজনীয় যোগ্যতা |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ১। | অধ্যক্ষ | .. | (ক) পদোন্নতি মাধ্যমে<br>(খ) পদোন্নতির জন্য যোগ্য প্রার্থী পাওয়া না গেলে প্রেষণে বদলীর মাধ্যমে। | পদোন্নতির ক্ষেত্রে ঃ<br>(ক) উপাধ্যক্ষ পদে ৬ (ছয়) বৎসরের চাকুরী ঃ<br>তবে শর্ত থাকে যে, অধ্যক্ষের পদ শূন্য থাকিলে উপাধ্যক্ষ পদ হইতে পদোন্নতির ক্ষেত্রে প্রয়োজনীয় যোগ্যতা শিথিল করা যাইবে; অথবা<br>(খ) দফা (ক) এ বর্ণিত যোগ্য প্রার্থী পাওয়া না গেলে প্রভাষকদের মধ্যে যিনি জ্যেষ্ঠতম এবং প্রভাষক পদে যাহার চাকুরী অন্যূন ১২ (বার) বৎসর হইয়াছে তাহাকে অধ্যক্ষের পদে পদোন্নতি প্রদান করা যাইবে। |
| ২। | উপাধ্যক্ষ | .. | (ক) পদোন্নতি মাধ্যমে<br>(খ) পদোন্নতির জন্য যোগ্য প্রার্থী পাওয়া না গেলে প্রেষণে বদলীর মাধ্যমে। | পদোন্নতির ক্ষেত্রে ঃ<br>প্রভাষক পদে ৬ (ছয়) বৎসরের চাকুরী। |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| ৩। | প্রভাষক | অনূর্ধ্ব ৩০ বৎসর। | (ক) ২৫% পদোন্নতির মাধ্যমে; পদোন্নতির জন্য যোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে ; এবং<br>(খ) ৭৫% সরাসরি নিয়োগের মাধ্যমে। | **পদোন্নতির ক্ষেত্রে ঃ**<br>প্রভাষক পদে শিক্ষাগত যোগ্যতা সম্পন্ন শারীরিক শিক্ষক পদে ৭ (সাত) বৎসরের চাকুরী।<br>**সরাসরি নিয়োগের ক্ষেত্রে ঃ**<br>কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে শারীরিক শিক্ষায় কমপক্ষে ২য় শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রী অথবা ২য় শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রীসহ ২য় শ্রেণীর বিপিএড ডিগ্রী। |
| ৪। | মেডিকেল অফিসার (খন্ডকালীন) | অনূর্ধ্ব ৪০ বৎসর। | .. | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে এম.বি.বি.এস ডিগ্রী। |
| ৫। | শারীরিক শিক্ষক | অনূর্ধ্ব ৩০ বৎসর। | সরাসরি নিয়োগের মাধ্যমে। | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে স্নাতকোত্তর ডিগ্রীসহ ২য় শ্রেণীর বিপিএড ডিগ্রী অথবা শারীরিক শিক্ষায় ২য় শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রী। |
| ৬। | প্রধান সহকারী | অনূর্ধ্ব ৩০ বৎসর। | (ক) পদোন্নতির মাধ্যমে;<br>(খ) পদোন্নতির জন্য যোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে। | **পদোন্নতির ক্ষেত্রে ঃ**<br>উচ্চমান সহকারী পদে ৩ (তিন) বৎসরের চাকুরী।<br>**সরাসরি নিয়োগের ক্ষেত্রে ঃ**<br>কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে স্নাতক ডিগ্রী। |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| ৭। | উচ্চমান সহকারী | অনূর্ধ্ব ৩০ বৎসর। | (ক) পদোন্নতির মাধ্যমে;<br>(খ) পদোন্নতির জন্য যোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে। | **পদোন্নতির ক্ষেত্রে ঃ**<br>অফিস সহকারী কাম-মুদ্রাক্ষরিক/রেকর্ড কিপার পদে ৫ (পাঁচ) বৎসরের চাকুরী।<br>**সরাসরি নিয়োগের ক্ষেত্রে ঃ**<br>কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে স্নাতক ডিগ্রী। |
| ৮। | হিসাব রক্ষক | অনূর্ধ্ব ৩০ বৎসর। | (ক) পদোন্নতির মাধ্যমে;<br>(খ) পদোন্নতির জন্য যোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে। | **পদোন্নতির ক্ষেত্রে ঃ**<br>ক্যাশিয়ার পদে ৩ (তিন) বৎসরের চাকুরী।<br>**সরাসরি নিয়োগের ক্ষেত্রে ঃ**<br>(ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে বাণিজ্য বিভাগে স্নাতক ডিগ্রী।<br>(খ) সংশ্লিষ্ট ক্ষেত্রে অভিজ্ঞ প্রার্থীকে অগ্রাধিকার দেয়া হইবে। |
| ৯। | লাইব্রেরীয়ান | অনূর্ধ্ব ৩০ বৎসর। | সরাসরি নিয়োগের মাধ্যমে। | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে স্নাতক ডিগ্রীসহ লাইব্রেরী সাইন্সে ডিপ্লোমা। |
| ১০। | অফিস সহকারী-কাম- মুদ্রাক্ষরিক | অনূর্ধ্ব ৩০ বৎসর। | (ক) ২৫% পদোন্নতির মাধ্যমে; পদোন্নতির জন্য যোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে; এবং | **পদোন্নতির ক্ষেত্রে ঃ**<br>কোন স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক/সমমান পরীক্ষায় উত্তীর্ণ ও সরকার কর্তৃক সময় সময় নির্ধারিত গতিতে বাংলা ও ইংরেজী মুদ্রাক্ষর লিখনে পারদর্শী এবং কম্পিউটার চালনার বাস্তব জ্ঞানসহ এম.এল.এস.এস/ গ্রাউন্ডসম্যান (এম.এল.এস.এস)/গ্রাউন্ডসম্যান পদে অন্যূন ৫ (পাঁচ) বৎসরের চাকুরী। |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| | | | (খ) ৭৫% সরাসরি নিয়োগের মাধ্যমে। | সরাসরি নিয়োগের ক্ষেত্রে ঃ<br>(ক) কোন স্বীকৃত বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক/সমমান পরীক্ষায় উত্তীর্ণ; এবং<br>(খ) বাংলায় ও ইংরেজী মুদ্রাক্ষর লিখনে সরকার কর্তৃক সময় সময় নির্ধারিত গতি; এবং<br>(গ) কম্পিউটার চালনার বাস্তব জ্ঞান। |
| ১১। | রেকর্ড কিপার | অনূর্ধ্ব ৩০ বৎসর। | সরাসরি নিয়োগের মাধ্যমে। | কোন স্বীকৃত বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক/সমমান পরীক্ষায় উত্তীর্ণ। |
| ১২। | ক্যাশিয়ার | অনূর্ধ্ব ৩০ বৎসর। | সরাসরি নিয়োগের মাধ্যমে। | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে বাণিজ্যে স্নাতক ডিগ্রী। |
| ১৩। | ড্রাইভার | অনূর্ধ্ব ৩০ বৎসর। | সরাসরি নিয়োগের মাধ্যমে। | কোন স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক/সমমান পরীক্ষায় উত্তীর্ণ সহ বৈধ ড্রাইভিং লাইসেন্সসহ গাড়ী চালনায় কমপক্ষে ৫ (পাঁচ) বৎসরের বাস্তব অভিজ্ঞতা। |
| ১৪। | এম.এল.এস.এস | অনূর্ধ্ব ৩০ বৎসর। | নিম্নমান সহকারী-তথা-মুদ্রাক্ষরিক, প্লেইন পেপার কপিয়ার, ডুপ্লিকেটিং মেশিন অপারেটর, ডেসপাস রাইডার, দপ্তরী ও এম,এল,এস, এস (মন্ত্রণালয়/বিভাগ ও সংযুক্ত অধিদপ্তর) বিধিমালা, ১৯৯৩ অনুসারে। | |
| ১৫। | গ্রাউন্ডসম্যান (এম.এল.এস.এস) | অনূর্ধ্ব ৩০ বৎসর। | নিম্নমান সহকারী-তথা-মুদ্রাক্ষরিক, প্লেইন পেপার কপিয়ার, ডুপ্লিকেটিং মেশিন অপারেটর, ডেসপাস রাইডার, দপ্তরী ও এম,এল,এস, এস (মন্ত্রণালয়/বিভাগ ও সংযুক্ত অধিদপ্তর) বিধিমালা, ১৯৯৩ অনুসারে এম,এল,এস,এস নিয়োগের জন্য প্রয়োজনীয় যোগ্যতার অনুরূপ প্রয়োজনীয় যোগ্যতা। | |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| ১৬। | গ্রাউন্ডসম্যান | অনূর্ধ্ব ৩০ বৎসর। | সরাসরি নিয়োগের মাধ্যমে। | কোন স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক/সমমান পরীক্ষায় উত্তীর্ণ। |
| ১৭। | দারোয়ান/গার্ড | অনূর্ধ্ব ৩০ বৎসর। | সরাসরি নিয়োগের মাধ্যমে। | ৮ম শ্রেণী উত্তীর্ণ। |
| ১৮। | নাইট গার্ড | অনূর্ধ্ব ৩০ বৎসর। | সরাসরি নিয়োগের মাধ্যমে। | ৮ম শ্রেণী উত্তীর্ণ। |
| ১৯। | মালী | অনূর্ধ্ব ৩০ বৎসর। | সরাসরি নিয়োগের মাধ্যমে। | (ক) ৮ম শ্রেণী উত্তীর্ণ; এবং<br>(খ) সংশ্লিষ্ট কাজে অভিজ্ঞতা। |
| ২০। | কুক | অনূর্ধ্ব ৩০ বৎসর। | সরাসরি নিয়োগের মাধ্যমে। | (ক) কোন স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক/সমমান পরীক্ষায় উত্তীর্ণ; এবং<br>(খ) কুক হিসাবে দেশী ও বিদেশী খাবার প্রস্তুতে ৫ (পাঁচ) বৎসরের বাস্তব অভিজ্ঞতা। |
| ২১। | আয়া | অনূর্ধ্ব ৩০ বৎসর। | সরাসরি নিয়োগের মাধ্যমে। | কোন স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক/সমমান পরীক্ষায় উত্তীর্ণ। |
| ২২। | সুইপার | অনূর্ধ্ব ৩০ বৎসর। | সরাসরি নিয়োগের মাধ্যমে। | ৮ম শ্রেণী উত্তীর্ণ। |

রাষ্ট্রপতির আদেশক্রমে

মোঃ আমিনুল ইসলাম ভূইয়া
সচিব।

এ, কে, এম রফিকুল ইসলাম (উপ-সচিব), উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আমিন জুবেরী আলম, উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত।